

# সমালোচনার মুখে প্রাথমিকের সংগীত শিক্ষক পদ বাতিল

ইত্তেফাক ডিজিটাল রিপোর্ট

প্রকাশ : ০৩ নভেম্বর ২০২৫, ১৪:৪৭



ধর্মভিত্তিক সংগঠনগুলোর সমালোচনার মুখে সরকারি প্রাথমিক বিদ্যালয়ে নতুন সৃষ্ট সংগীত শিক্ষক পদ বাতিলের সিদ্ধান্ত নিয়েছে প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়। একইসঙ্গে বাতিল করা হয়েছে শরীরচর্চা শিক্ষকের পদও।

 দৈনিক ইত্তেফাকের সর্বশেষ খবর পেতে [Google News](#) অনুসরণ করুন

এ দুটি পদ বাদ দিয়ে ‘সরকারি প্রাথমিক বিদ্যালয় শিক্ষক নিয়োগ বিধিমালা-২০২৫’-এ কিছু শব্দগত সংশোধন আনা হয়েছে। এসব পরিবর্তন সংযুক্ত করে গত আগস্টে জারি করা মূল বিধিমালাটি সংশোধন করেছে মন্ত্রণালয়।

প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়ের বিদ্যালয় অনুবিভাগের অতিরিক্ত সচিব মাসুদ আকতার খান সোমবার দুপুরে গণমাধ্যমকে জানান, ‘রোববার সংশোধিত বিধিমানার গেজেট প্রকাশ করা হয়েছে। আগের বিধিমালায় শিক্ষক পদ চারটি ক্যাটাগরিতে ভাগ করা হলেও সংশোধিত সংস্করণে রাখা হয়েছে দুটি। সংগীত ও শরীরচর্চা বিষয়ে সহকারী শিক্ষকের পদ নতুন বিধিমালায় নেই।’

পদ বাতিলের সিদ্ধান্ত ধর্মভিত্তিক সংগঠনগুলোর চাপের ফল কি না—এমন প্রশ্নে তিনি মন্তব্য এড়িয়ে যান। বলেন, ‘আপনারা এটি খতিয়ে দেখতে পারেন।’

এদিকে, বিধিমালায় একটি শব্দগত সংশোধন আনা হয়েছে বলেও জানান অতিরিক্ত সচিব। তিনি বলেন, ‘আগের বিধিমালায় মেধার ভিত্তিতে নিয়োগপ্রাপ্তদের মধ্যে ২০ শতাংশ পদ বিজ্ঞান বিষয়ে স্নাতক ডিগ্রিধারীদের এবং বাকি ৮০ শতাংশ পদ অন্যান্য বিষয়ে স্নাতক ডিগ্রিধারীদের জন্য উল্লেখ ছিল।

‘আসলে “অন্যান্য বিষয়ে” শব্দবন্ধটি বিভ্রান্তিকর ছিল। ৮০ শতাংশ পদের ক্ষেত্রে বিজ্ঞানসহ অন্যান্য বিষয়ের প্রার্থীরাই আবেদন করতে পারবেন—এটি স্পষ্ট করার জন্য ওই অংশটি সংশোধন করে এখন বলা হয়েছে, “বিজ্ঞানসহ অন্যান্য বিষয়ে অন্যান্য স্নাতক ডিগ্রিধারী”।’